# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জন্য

বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২য় পত্র

**অধ্যায় ঃ** প্রেষণা

**মডেল প্রশ্ন-০১**

গ্রামের টকবগে যুবক জনাব নিপু ঢাকা শহরে কাজের খোঁজে সবার কাছে যাচ্ছে। বেঁচে থাকার নূন্যতম চাহিদা টুকু পূরণ করার জন্য তিনি যে কোন কাজ করতে আগ্রহী। হোটেল মালিক জনাব হাসান তাকে অল্প বেতনে থাকা খাওয়াসহ বাসন মাজার কাজ দিলে অত্যন্ত উৎসাহের সাথে জনাব নিপু তা সম্পাদন করতে সচেষ্ট হয়। এভাবে তাঁর জীবন ও জীবিকা শুরু হলেও এখন তিনি অল্প অল্প টাকা জামিয়ে ভবিষ্যতকে সুদৃঢ় করার লক্ষ্যে মালিকের সমস্ত নির্দেশনা সুচারু রূপে সম্পন্ন করতে চায়।

ক) তাড়না কী? ১

খ) মনোবল হলো মানুষের মানসিক শক্তি-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে জনাব নিপু প্রেষণা চক্রের কোন স্তরে অবস্থান করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে জনাব নিপুর আচরণের ফলে প্রেষণার সে বৈশিষ্ট্যটি একইভাবে ফুঠে উঠেছে তা মানুষকে উন্নতি চরম শিখরে নিয়ে যায়-মূল্যায়ন কর। ৪

**১নং প্রঃ উঃ ক**

তাড়না ঃ- অভাব পূরণের জন্য কর্মীর মধ্যে যে কর্মচাঞ্চল্য বা অস্থিরতা সৃষ্টি হয়, তাকে তাড়না বলে।

**১নং প্রঃ উঃ খ**

মনোবল হলো প্রতিষ্ঠান ও কাজের প্রতি কর্মীর দীর্ঘদিনের প্রেষণার ভিত্তিতে কর্মস্তুষ্টির সাথে সম্পর্কযুক্ত।

মূলত প্রেষণা দেওয়ার মাধ্যমে কর্মীর মনকে উৎসাহিত করা হয়। এতে কাজের প্রতি কর্মীর আগ্রহ ও মনোবল বাড়ে। কর্মীদের মানসিক অবস্থা যদি প্রতিষ্ঠান ও কাজের প্রতি ইতিবাচক হয় তবে কর্মী মনোবল উত্তম বিবেচিত হয়ে থাকে।

অর্থাৎ মানুষের কার্যসন্তুষ্টি ও কর্মপস্থার মাধ্যমে সৃষ্ট মনোবল মানসিক শক্তি সংশ্লিষ্ট।

**১নং প্রঃ উঃ গ**

উদ্দীপকে জনাব নিপু প্রেষণা চক্রের প্রথমস্তর কর্মীর অভাব বা প্রয়োজন এ অবস্থান করছে।

মানুষের জৈবিক অথবা মানসিক অসমতাজনিত কারণে কোন কিছু পাওয়ার আকাঙ্খা সৃষ্টি হওয়াকে অভাব বলে। মানুষ তার চাহিদা প্রয়োজন বা অভাব পূরণের লক্ষ্যেই কাজ করে থাকে।

এই প্যারায়ঃ------- উদ্দীপকে জনাব নিপুর অভাবের ফলে কৃতকার্যের আচরণগত বর্ণনা সুন্দরভাবে উপস্থাপন করবে।

এই প্যারায়ঃ------- উপসংহার হিসেবে পরিসমাপ্তি বাক্য লিখবে।

**১নং প্রঃ উঃ ঘ**

উদ্দীপকে জনাব নিপুর আচরণের ফলে প্রেষণার একটি অবিরাম প্রক্রিয়া বৈশিষ্ট্য প্রকটভাবে ফুটে উঠেছে।

এই প্যারায় ঃ--- অবিরাম প্রক্রিয়ার বৈশিষ্ট্যটি সুন্দরভাবে উপস্থাপন করবে।

এই প্যারায় ঃ--- উদ্দীপকে উছতি থেকে জনাব নিপুর একটা চাহিদার পূরণের পরে আর একটি চাহিদা থেকে জনাব নিপুর একটা চাহিদা পূরণের পরে আর একটি চাহিদা (যেমন টাকা জমানো) সৃষ্টি হচ্ছে তা সন্দুরভাবে বর্ণনা করবে।

এই প্যারায় ঃ--- প্রেষণার মাধ্যমে মানুষের একটির পর একটি চাহিদা তথা অভাব পূরণের মাধ্যমে মানুষ অবিরামভাবে উন্নতির শিখরে পৌঁছানো সম্ভব হবে তা বিস্তৃতভাবে বিশ্লেষণসহ মূল্যায়ন করবে।

এই প্যারায় ঃ--- পরিশেষে বাক্য দিয়ে ইতি টানবে।

## মডেল প্রশ্ন-০২

বিশ্বব্যাপি আক্রান্ত করোনা মহামারির কারণে নিপু কর্পোরেশন তাদের কর্মচারীদের আসা-যাওয়ার জন্য নতুন করে যাতায়াত সুবিধা চালু করেছে। এতে কর্মকর্তা-কর্মচারিরা প্রতিষ্ঠানের প্রতি প্রচন্ডভাবে কৃতজ্ঞ। নিপু কর্পোরেশনের আরো বহুবিধ কর্মীমুখী কার্যক্রম প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধিতে ভূমিকা রাখে। ফলশ্রুতি দেশে প্রসিদ্ধ প্রতিষ্ঠান হিসেবে নিপু কর্পোরেশন এর দীর্ঘদিনের ঐতিহ্য রয়েছে। তাই এই প্রতিষ্ঠানের লোভনীয় চাকুরীর ফলে শ্রমঘূর্ণায়মান হ্রাস পায় এবং ধারাবাহিকভাবে মানসম্পন্ন পণ্য উৎপাদনে বাজারে তাদের সুনাম যথেষ্ট।

ক) বোনাস কী? ১

খ) নেতিবাচক প্রেষণা প্রতিষ্ঠানের জন্য সুফল বয়ে আনে না- ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে নিপু কর্পোরেশনে নতুন করে কোন ধরনের প্রেষণা ধরণের প্রেষণা দানের কৌশল প্রয়োগ করা হয়েছে? ব্যাখ্যা কর।৩

ঘ) “নিপু কর্পোরেশনে বহুবিধ কর্মমুখী প্রেষণা মূলক কার্যক্রম শ্রম ঘূর্ণায়মানতা হ্রাস করেছে”- উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

**২নং প্রঃ উঃ ক**

বোনাস ঃ- বিভিন্ন উপলক্ষে বেতন ভাতার অতিরিক্ত যে অর্থ কর্মীদেরকে দেওয়া হয়, তা-ই হচ্ছে বোনাস।

**২নং প্রঃ উঃ খ**

ভয়ভীতি দেখিয়ে এবং মনের ওপর চাপ সৃষ্টি করে কর্মীদেরকে কাজে উদ্ধুদ্ধ করার পদ্ধতিকে নেতিবাচক প্রেষণা বলে।

এ ধরনের নেতিবাচক প্রেষণামূলক কার্যক্রম শ্রমিক মালিক বা শ্রমিক ব্যবস্থাপক সম্পর্ককে অবনতি করে, সব প্রতিষ্ঠানের জন্য সুখকর নয়। নেতিবাচক প্রেষণায় উভয়ের মধ্যে সন্দেহের সৃষ্টি এবং স্বতঃস্ফূর্ততা থাকে না বলে প্রতিষ্ঠানের লক্ষ্যার্জন ব্যহত হয়।

তাই নেতিবাচক প্রেষণা প্রতিষ্ঠানের জন্য সুফল বয়ে আনে না।

## ২নং প্রঃ উঃ গ

উদ্দীপকে নিপু কর্পোরেশনে করোনা পরিস্থিতিতে নুতন করে প্রেষণার আর্থিক পদ্ধতি প্রয়োগ করা হয়েছে।

অর্থ ও আর্থিক সুযোগ সুবিধার সাথে সম্পৃক্ত প্রণোদনামূলখ গৃহীত ব্যবস্থাকে প্রেষণার আর্থিক উপায় বা পদ্ধতি বলে। সাধারণত কর্মীদের উৎসাহিত ও স্বেচ্ছাপ্রণোদিত করার জন্য সচরাচর অর্থ সংশ্লিষ্ট সুযোগ সুবিধা প্রদান করার প্রেষণার আর্থিক উপায় বা পদ্ধতি অত্যধিক দ্রুত ও কার্যকর।

এই প্যারায় ঃ----- উদ্দীপকে বর্ণনা থেকে যাতায়াত সুবিধাসহ উদ্ধৃতিটি সুন্দরবাবে লিখবে। এবং তা আর্থিক উপায় হিসেবে বুঝিয়ে দিবে।

এই প্যারায় ঃ--- উপসংহার অংশ লিখবে।

## ২নং প্রঃ উঃ ঘ

শ্রম ঘর্ণায়মানতা হলো কর্মীদের চাকুরী ছেড়ে যাওয়া ও নুতনকর্মী তদস্থলে নিয়োগ হওয়ার অনুপাতকে বুঝায়।

এই প্যারায় ঃ--- শ্রম-ঘুর্ণায়মানতা আরো বিশদভাবে বর্ণনা করবে।

এই প্যারায় ঃ--- উদ্দীপকে শ্র ঘুর্ণায়মানতার বর্ণনাকে সুন্দরভাবে লিখতে হবে। (৩/৪ লাইন)

এই প্যারায় ঃ--- কর্মীমুখী প্রেষণামূলক কার্যক্রম কর্মীদের ও প্রতিষ্ঠানের মান বৃদ্ধিতে ভূমিকার কথা বিশদভাবে বিশ্লেষণ করবে।

এই প্যারায় ঃ--- পরিশেষের বাক্য লিখে শেষ করবে। (১ লাইন)

## মডেল প্রশ্ন-০৩

প্রীতু লিমিটেডে এ বছর থেকে প্রতিষ্ঠানের সকল কর্মচারী ও কর্মকর্তাদের জন্য বীমা সুবিধা চালু করা হলো। ঐ কার্যক্রমের ফলে কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা সৃষ্টি হয়। যা প্রতিষ্ঠানের মান সম্পন্ন লক্ষ্যপূরণে ব্যাপক ভূমিকা রাখবে বলে মালিক পক্ষ মনে করে।

ক) আত্মপূর্ণতার চাহিদা কী? ১

খ) মনীষীদের গবেষণালব্ধ তত্ত্ব বা মতবাদ কর্মীদের প্রেষণাদানের বিষয়টিকে বুঝতে সহায়ক ভূমিকা রাখে-ব্যাখ্যা কর।২

গ) উদ্দীপকে প্রীতু লিমিটেডে মাস্লোর চাহিদা সোপাস তত্ত্বের অনুসীরে কোন ধরণের চাহিদা পূরণের কথা বলা হয়েছে- ব্যাখ্যা কর। ৩

ঘ) প্রীতু লিমিটেড হার্জবার্গের দ্বি উপাদান তত্ত্বের অনুসারে যে উপাদানে প্রয়োগিক সুবিধা প্রদান করা হয়েছে তা প্রতিষ্ঠানের লক্ষ্যপূরণে ব্যাপক ভূমিকা রাখতে পারে-বিশ্লেষণ কর। ৪

### ৩নং প্রঃ উঃ ক

আত্মপূর্ণতার চাহিদা ঃ কোন ব্যক্তির সর্বোচ্চ সামর্থ্য অনুযায়ী নিজস্ব সম্ভাবনা পরিপূর্ণরূপে অর্জন , উন্নয়ন ও বাস্তবায়নের তীব্র আকাক্ষাকে আত্মপূর্ণতার চাহিদা বলে।

### ৩নং প্রঃ উঃ খ

কোন বিষয় সম্পর্কে প্রকৃত সত্য জানতে প্রয়োজনীয় চিন্তা ও গবেষণার কাঠামো সৃষ্টিতে সক্ষম এবং পরীক্ষার মানদন্ডে উত্তীর্ণ মনীষীদের মতকেই তত্ত্ব বা মতবাদ বলে

কর্মীদেরকে কীভাবে প্রেষণাদান সম্ভব এ বিষয়ে মনীষীগণ তাদের বিভিন্ন মত ও মতবাদ তুলে ধরেছেন। প্রেষণা বিষয়ে মনোবিজ্ঞানী, আচরণবিজ্ঞানী, সমাজ বিজ্ঞানীর গবেষণালব্ধ মতবাদ বা তত্ত্বও কর্মীদের প্রেষণা দানের বিষয়টিকে বুঝতে ও বুঝাতে সহায়ক ভূমিকা রাখবে সমর্থ হয়েছে।

অর্থাৎ গবেষণা প্রস্তুত তত্ত্ব প্রেষণাকে বুঝাতে সহায়ক ভূমিকা রাখে।

### ৩নং প্রঃ উঃ গ

উদ্দীপকে প্রীতু লিমিটেডে মাস্লোর চাহিদা সোপানতত্ত্বের অনুসারে নিরাপত্তা চাহিদা পূরণের কথা বলা হয়েছে।

এই প্যারায় ঃ--- নিরাপত্তা চাহিদা কী, সুন্দরভাবে লিখবে। (সামান্য বর্ণনাসহ)

এই প্যারায় ঃ--- উদ্দীপকের বর্ণনা থেকে বীমা সুবিধার উদৃতি সুন্দরভাবে উপস্থাপন করবে।(৩/৪)

এই প্যারায় ঃ--- উপসংহার লিখবে।

## ৩নং প্রঃ উঃ ঘ

প্রীতু লিমিটেডে হার্জবার্গের দ্বি উপাদান তত্ত্বের অনুসারে রক্ষনাবেক্ষণমূলক উপাদানের প্রয়োগিক সুবিধার কথা বলা হয়েছে।

এই প্যারায় ঃ--- প্রতিষ্ঠানের রক্ষনাবেক্ষণমূলক উপাদান হলো কাজের সাথে সম্পৃক্ত অত্যাবশ্যকীয় উপাদান, যা প্রেক্ষিত বা উৎসাহিত করার পাশাপাশি এ ব্যবস্থার অনুপস্থিতিতে কর্মীরা অসন্তুষ্ট হয়। যেমন--

এই প্যারায় ঃ--- উদ্দীপকে বর্ণনা থেকে উদ্ধৃতি লিখবে। যা রক্ষণাবেক্ষণ প্রেষণার উপাদান হিসেবে বিবেচিত।

এই প্যারায় ঃ--- কর্মীদের মধ্যে এই ধরনের উপাদান তথা বীমা ব্যবস্থার কারণে নিরাপত্তা বৃদ্ধির পাশাপাশি লক্ষ্যপূরণের চেষ্টাকে সুন্দরভাবে বিশ্লেষণ করে লিখবে।

এই প্যারায় ঃ----পরিশেষে বাক্য লিখবে।

## মডেল প্রশ্ন-০৪

মিস্ শোপা এম বিএ পাশ করে একটি বহুজাতিক কোম্পানিতে জুনিয়র কর্মকর্তা হিসেবে যোগদান করেন। কাজের দক্ষতা ও যোগ্যতা প্রদর্শনের মাধ্যমে তিনি অতি দ্রুত সিনিয়র কর্মকর্তা প্রদর্শনের মাধ্যমে তিনি অতি দ্রুত সিনিয়র কর্মকর্তা হিসেবে পদোন্নতি পায়। এখন তিনি পরিবার পরিজন ও আত্মীয় স্বজনের জন্য বিভিন্নভাবে আর্থিক সাহায্য সহযোগীতা দেয়া শুরু করেছেন। ইতিমধ্যে এতিমখানায় ও দান করেছেন বর্তমানে তিনি সুন্দর ভবিষ্যত গড়ার স্বপ্নে বিজোড়।

ক) পদাবনতি কী? ১

খ) চাহিদার ভিন্নতা কর্মীদের প্রণোদনা প্রদানের ক্ষেত্রে বড় বাধা-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে মিস্ শোপা মাস্লোর চাহিদা সোপান তত্ত্বের কোন স্তরে অবস্থান করছেন-ব্যাখ্যা কর। ৩

ঘ) মিস্ শোপার প্রাপ্ত প্রেষণা দানের উপায়টি তাকে সুন্দর আগামী ভবিষ্যতের আশা জাগিয়েছে বিশ্লেষণ কর। ৪

## ৪নং প্রঃ উঃ ক

পদাবনতি ঃ- ইচ্ছাকৃত বা অবহেলবশত নিম্নমানের কাজের জন্য বা ধারাবাহিকভাবে কাজের ব্যর্থতার জন্য কর্মীকে তার নিজস্ব পদ বা পদমর্যাদা থেকে অপেক্ষকৃত নিম্নস্তরে নামিয়ে দেওয়াকে পদাবনতি বলে।

## ৪নং প্রঃ উঃ খ

কোন কিছু পাওয়ার আকাঙ্খাকে চাহিদা বলে। প্রতিষ্ঠানের সকল ব্যক্তি বিশেষের মধ্যে চাহিদায় ভিন্নতা দেখা যায়।

এক এক জনের এক এক ধরনের চাহিদার ফলে প্রতিষ্ঠানে কর্মীদের প্রেষণা দান দুরহ হয়ে পড়ে। এমনিতে চাহিদা অসীমা এক চাহিদা পূরণে হলে অন্য চাহিদার উদ্ভব হয়।

এ সমস্ত দিক বিবেচনায় চাহিদার এ ধরনের ভিন্নতার কারণে সঠিক উপায় প্রেষণা দান বাধাগ্রস্থ হয়।

## ৪নং প্রঃ উঃ গ

উদ্দীপকে মিস্ সোপা মাস্লোর চাহিদা সোপান তত্ত্বের সামাজিক চাহিদা স্তরে অবস্থান করছেন।

এই প্যারায়--- সামাজিক চাহিদা কী তা লিখবে এবং সামান্য বর্ণনা দিবে।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের বর্ণনা থেকে মিস শোপার আত্মীয় স্বজন, এতিমখানা ইত্যাদিদের সাহায্যে সহযোগীতার অংশ বর্ণনা করবে।

এই প্যারায় ঃ--- উপসংহার হিসেবে একটি সমাপ্তিসূচক বাক্য লিখবে।

## ৪নং প্রঃ উঃ ঘ

উদ্দীপকে মিস্ শোপার প্রেষণা দানের আর্থিক উপায় বা পদ্ধতিটি তাকে সুন্দর আগামী ভবিষ্যতের আশা জাগিয়েছে।

এই প্যারায় ঃ--- পদোন্নতি একটি প্রেষণার আর্থিক উপায় বা পদ্ধতি। সাধারণত কর্মীর পদোন্নতির ফলে দায়িত্ব ও পদমর্যাদার পাশাপাশি আয় ও বাড়ে। কর্মীদের অর্থ ও আর্থিক সুযোগ সুবিধার সাথে সম্পৃক্ত প্রণোদনামূলক ব্যবস্থাকে প্রেষণনার আর্থিক উপায় বলে।

এই প্যারায় ঃ--- উদ্দীপক থেকে সংশ্লিষ্ট বর্ণনা উপস্থাপন করবে এবং আর্থিক উন্নতির জন্য পদোন্নতির ভূমিকা বর্ণনা করবে।

এই প্যারায় ঃ--- মিস্ শোপার পদোন্নতির ফলে আর্থিক সংগতি বৃদ্ধির জন্য ভবিষ্যতের উন্নতির পথ বিশ্লেষণ করে লিখবে।

এই প্যারায় ঃ--- পরিসমাপ্তি বাক্য লিখতে শেষ করবে।

## মডেল প্রশ্ন-০৫

MNG লিমিটেড চট্টগ্রাম এ অবস্থিত একটি জুতা প্রস্তুতকার প্রতিষ্ঠান। এখানে শ্রমিক কর্মচারীদের জন্য রয়েছে সুষ্ঠু কর্মপরিবেশ চাকুরির নিরাপত্তা ও প্রশিক্ষণ সুবিধা। এই প্রতিষ্ঠানে ন্যায্য পারিশ্রমিক ও পরিবহন সুবিধা না থাকলেও ভালো কাজের স্বীকৃতি দান এবং সাফল্যার্জনে পুরুস্কারের ব্যবস্থা রয়েছে।

ক) উদ্দীপক কী? ১

খ) কর্মীদের প্রেষণা দানের ক্ষেত্রে প্রতিবন্ধকতা দূরীকরণ নমনীয় মনোভাব সৃষ্টি প্রয়োজন-বাখ্যা কর। ২

গ) উদ্দীপকে MNG লিমিটেডে কোন ধরনের প্রেষণা পদ্ধতি বিরাজমান? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের MNG লিমিটেড প্রদত্ত প্রেষণা দানের ব্যবস্থা হার্জবার্গে দ্বি-উপাদান তত্ত্বের পরিপন্থী বিশ্লেষণ পূর্বক মতামত দাও। ৪

## ৫নং প্রঃ উঃ ক

উদ্দীপকঃ- কর্মীদের চাহিদা বা অভাব দূর করার জন্য যে সব উপাদান উদ্দীপনা বা প্রণোদনা সৃষ্টি করে, তাকে উদ্দীপক বলে।

## ৫নং প্রঃ উঃ খ

পরিবর্তিত পরিস্থিতের সাথে খাপ-খাওয়ানো বা মানিয়ে নেওয়াকে নমনীয়তা বলে।

ব্যবস্থাপনা কর্তৃক নির্ধারিত প্রেষণা দান পদ্ধতি পরিবেশ পরিস্থিতি অনুযায়ী সব সময়ই নমনীয় হওয়া উচিত? অনমনীয়তা বা অপরিবর্তনশীলতা প্রেষণা দান প্রক্রিয়াকে বাধাগ্রস্থ করে। অর্থাৎ প্রেষণাদানের ক্ষেত্রে নমনীয়তার মনোভাব, প্রতিবন্ধকতা দূরীকরণে ভূমিকা রাখে।

তাই উত্তম ব্যবস্থাপনার নমনীয় মনোভাব সৃষ্টি প্রেষণা দানের ক্ষেত্রকে সহজ করে তোলে।

## ৫নং প্রঃ উঃ গ

কর্মীদের প্রণোদিত করার জন্য অর্থের বাইরে যে সকল উদ্দীপক ব্যবহিত হয় তাতে এক কথায় অনার্থিক প্রেষণা পদ্ধতি বলে। সাধারণত কর্মীদের মাঝে উৎসাহ সৃষ্টির পিছনে এই সকল অনার্থিক প্রেষণা পদ্ধতির গুরুত্ব ও কম নয়।

এই প্যারায় ঃ---- উদ্দীপকের বর্ণনা থেকে প্রয়োজনীয় উদ্ধৃতি গুলো লিখবে। এবং সেগুলো সব অনার্থিক প্রেষণা তা সুন্দর করে বুঝিয়ে লিখবে।

এই প্যারায় ঃ--- উপসংহার হিসেবে একটি সমাপ্তিসূচক বাক্য লিখবে।

## ৫নং প্রঃ উঃ ঘ

উদ্দীপকে MNG লিমিটেডে প্রদত্ত প্রেষণা দানের ব্যবস্থা হার্জবার্গে দ্বি-উপাদান তত্ত্ব মতে প্রেষণা মূলক উপাদান প্রয়োগ করা হয়েছে।

এই প্যারায় ঃ--- প্রতিষ্ঠানে কিছু উপাদানের উপস্থিতি কর্মীদের কাজ সম্পাদনে উৎসাহ উদ্দীপনা তথা প্রেষণা সৃষ্টি করে থাকে তার্জবার্গের প্রেষণামূলক উপাদান বলে। হার্জবার্গের দ্বি-উপাদান তত্ত্ব অনুযায়ী প্রেষণামূলক উপাদানগুলির উপস্থিতি কার্যক্ষেত্রে কর্মীদের প্রণোদিত করে কিন্তু অনুপস্থিতিতে কর্মীরা অসন্তুষ্ট হয় না। এই তত্ত্বের মূল কথা হলো রক্ষণাবেক্ষণমূলক উপাদান ছাড়া প্রেষণামূলক উপাদান কার্যকরি হয় না।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের বর্ণনা থেকে প্রয়োজনীয় প্রেষণামূলক উপাদানগুলোর উদ্ধৃতি লিখবে।

এই প্যারায় ঃ---  রক্ষণাবেক্ষণমূলক উপাদান যেমন পারিশ্রমিক, পরিবহন সুবিধা এর প্রয়োগ নেই অথচ পুরস্কার ইত্যাদির ব্যবস্থা আছে, যা হার্জবার্গের দ্বি-উপাদান তত্ত্বের পরিপন্থি। এতে প্রেষণা কার্যকরি হওয়ার কথা নয়।

এই প্যারায় ঃ---  পরিশেষের বাক্য লিখবে।

বেপজা পাবলিক স্কুল ও কলেজ
শিক্ষাই আলো
স্থাপিত: ১৯৯৯
চট্টগ্রাম ইপিজেড